

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৭৩২ ১৭/ হক ও অধিকার পরিচ্ছেদঃ আত্মীয়তা অক্ষুন্ন রাখার গুরুত্ব

আরবী

عَنْ قَتَادَةَ عَنْ رَجُلٍ مِنْ خَتْعَمَ قَالَ: أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ فِي نَفَرٍ مِنْ أَصْحَابِهِ قَالَ: قُلْتُ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: نَعَمْ. قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَيُّ الْأَعْمَالِ أَحَبُ إِلَى اللَّهِ؟ قَالَ: إِيمَانُ بِاللَّهِ. قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ ثُمَّ مَهْ؟ قَالَ: لُلَّهِ أَيُّ الْأَعْمَالِ أَبْغَضُ إِلَى اللَّهِ؟ قَالَ: الْإِشْرَاكُ ثُمَّ صِلَةُ الرَّحِمِ. قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَيُّ الْأَعْمَالِ أَبْغَضُ إِلَى اللَّهِ؟ قَالَ: الْإِشْرَاكُ بَاللَّهِ. قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَيُّ الْأَعْمَالِ أَبْغَضُ إِلَى اللَّهِ؟ قَالَ: الْإِشْرَاكُ بِاللَّهِ. قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ ثُمَّ مَهْ؟ قَالَ: ثُمَّ قَطِيعَةُ الرَّحِمِ. قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ ثُمَّ مَهْ؟ قَالَ: ثُمَّ قَطِيعَةُ الرَّحِمِ. قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ عَنِ الْمَعْرُوفِ فَي اللَّهِ قَالَ: ثُمَّ الْأَمْرُ بِالْمُنْكَرِ وَالنَّهِي عَنِ الْمَعْرُوفِ

বাংলা

(১৭৩২) কাতাদাহ (রহঃ) কর্তৃক বর্ণিত, খাসআম গোত্রের এক ব্যক্তি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এলাম। তখন তিনি তাঁর কিছু সঙ্গী-সাথীর সাথে ছিলেন। আমি বললাম, আপনিই কি মনে করেন, আপনি রাসূলুল্লাহ?' তিনি বললেন, ''হ্যাঁ।'' আমি বললাম, 'হে আল্লাহর রসূল! কোন্ আমল আল্লাহর নিকট সবচেয়ে প্রিয়?' উত্তরে তিনি বললেন, ''আল্লাহর প্রতি ঈমান আনা।'' আমি বললাম, 'হে আল্লাহর রসূল! তারপর কী?' তিনি বললেন, ''তারপর আত্মীয়তার বন্ধন বজায় রাখা।' আমি বললাম, 'হে আল্লাহর রসূল! তারপর কী?' তিনি বললেন, ''তারপর ভালো কাজের আদেশ ও মন্দ কাজে বাধা দান করা।''

আমি বললাম, 'হে আল্লাহর রসূল! কোন্ আমল আল্লাহর নিকট সবচেয়ে ঘৃণ্য?' তিনি বললেন, ''আল্লাহর সঙ্গে শির্ক করা।'' আমি বললাম, 'হে আল্লাহর রসূল! তারপর কী?' তিনি বললেন, ''তারপর আত্মীয়তার বন্ধন ছিন্ন করা।'' আমি বললাম, 'হে আল্লাহর রসূল! তারপর কী?' তিনি বললেন, ''তারপর মন্দ কাজের আদেশ ও ভালো কাজে বাধা দান করা।

ফুটনোট

(আবূ য়্যা'লা ৪৮৩৯, সহীহ তারগীব ২৫২২)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ কাতাদাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন